



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং -- ৪১৯৯

সার্কুলার নং - ০২/২০২৪

তাং - ১৬/০২/২০২৪

সকল সদস্যদের জন্য

প্রিয় সাথী,

ধর্মতলা লেনিন মূর্তি থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত প্রতিবাদ মিছিল

ব্যাঙ্ক এমপ্লয়িজ ফেডারেশন, প:ব: এর সার্কুলার নং ৬/২০২৪ এর প্রতিলিপি নিচে দেওয়া হলো। সন্দেহখালিতে মহিলাদের উপর বর্বর পাশবিক অত্যাচার, কৃষকের জমিদখল ও সন্ত্রাসের প্রতিবাদে এবং দোষীদের গ্রেপ্তার ও শাস্তির দাবিতে আগামী ২০শে ফেব্রুয়ারী ২০২৪, বিকেল ৫ টার মিছিলে কলকাতার প্রত্যেকটা ইউনিট থেকে কর্মরত সদস্যবৃন্দ, অবসরপ্রাপ্ত সদস্যবৃন্দ ও অসংগঠিত অংশের কর্মচারীবৃন্দের অংশগ্রহণ করার ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

সংগ্রামী অভিনন্দন সহ,

অভিজিৎ সরকার

(সাধারণ সম্পাদক)

(ব্যাঙ্ক এমপ্লয়িজ ফেডারেশন, প:ব: এর সার্কুলার নং ৬/২০২৪ তারিখ ১৬ই ফেব্রুয়ারী ২০২৪ এর প্রতিলিপি)

উদ্ধৃতি

সমস্ত রাজ্য ও কেন্দ্রীয় শ্রমিক সংগঠন, ইউনিয়ন এবং ফেডারেশনগুলির ডাকে আগামী ২০শে ফেব্রুয়ারী ২০২৪, মঙ্গলবার, বিকেল ৫টায়, নিম্নলিখিত দাবীতে ধর্মতলা লেনিন মূর্তির সামনে শ্রমিক-কর্মচারীদের জমায়েত এবং সেখান থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত প্রতিবাদ মিছিল সংগঠিত হবে।

১) সন্দেহখালিতে মহিলাদের উপর বর্বর পাশবিক অত্যাচার, কৃষকের জমিদখল ও সন্ত্রাসের প্রতিবাদে এবং দোষীদের গ্রেপ্তার ও শাস্তির দাবিতে -

২) বহরমপুরে পুলিশের লাঠিচার্জ ও আক্রমণে কমরেড আনারুল ইসলামের মৃত্যুর প্রতিবাদে, বিচারবিভাগীয় তদন্ত ও ক্ষতিপূরণের দাবিতে --

৩) গণ আন্দোলনের নেতা ও প্রাক্তন বিধায়ক কমরেড নিরাপদ সর্দারের নি:শর্ত মুক্তির দাবিতে -

আমাদের সংগঠনের সমস্ত সদস্য/সদস্যা ও অবসরপ্রাপ্ত সদস্যদের এই জমায়েত ও মিছিলে অংশগ্রহণের আবেদন জানাচ্ছি। ইউনিটগুলি সেই লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করুন।

উদ্ধৃতি শেষ

=====